# দূর-প্রশিক্ষণ পুস্তিকা
[Distance-Training Package]

# IV ঙ

# চোখ ও হাতের সমন্বয়ে কাজ
[Eye-Hand Co-ordination]

BPF

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন
Bangladesh Protibondhi Foundation

# দূর-প্রশিক্ষণ পুস্তিকা

# IV ঙ

## চোখ ও হাতের সমন্বয়ে কাজ

•
প্রকাশকাল
১৯৯০
•
প্রথম সংস্করণ
১৯৯৯

•
কামরুন্নাহার
নাহিদ আক্তার (মালতী)

•
*চিত্রশিল্পী*
জাহাঙ্গীর হোসেন

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত
১২, নিউ সার্কুলার রোড, পশ্চিম মালিবাগ, ঢাকা-১২১৭

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| সূচনা | ১-২ |
| চোখ ও হাতের সমন্বয়ে কাজ | ৩-৭ |
| রেফারেন্স | ৮ |


BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

# সূচনা

সেরিব্রাল পল্‌সিগ্রস্ত শিশু অর্থাৎ যাদের শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা আছে, তাদের যে কোনো কিছু শেখানো সম্ভব তা সাধারণ মানুষের কাছে আজও বিশ্বাসযোগ্য নয়। গত কয়েক বছর ধরে সেরিব্রাল পল্‌সি ও একই ধরনের অন্যান্য সমস্যার ব্যাপারে আমাদের দেশের কিছু সংখ্যক বিশেষ করে শিক্ষিত লোকের মধ্যে সচেতনতা কিছুটা দেখা যাচ্ছে।

এ বিষয়ে বিশেষজ্ঞদের গুরুত্বপূর্ণ উপলব্ধি হলো– এই সকল শিশুর শিক্ষা শুধুমাত্র লেখাপড়া শেখানোর মধ্যেই সীমাবদ্ধ নয়, এ সকল শিশুর নিত্যদিনের কাজকর্মের শিক্ষা লেখাপড়া শেখানোর মতোই সমান গুরুত্বপূর্ণ।

এ সকল অসুবিধাগ্রস্ত শিশুর দৈনন্দিন বিভিন্ন কাজকর্মের দক্ষতা অর্জনে সহায়তা দানের ক্ষেত্রে তাদের বাবা মা এবং অভিভাবকই হলেন প্রধান শিক্ষক। একজন প্রতিবন্ধী শিশুর নানা ধরনের অসুবিধার কথা বাবা মা-ই ভালো বুঝতে পারেন।

আমরা জানি প্রতিটি শিশু বিকাশের স্বাভাবিক নিয়ম অনুসারে তার বয়স বাড়ার সাথে সাথে ঘাড় শক্ত করতে, বসতে, দাঁড়াতে, হাঁটতে, কথা বলতে, খেতে ও খেলতে শিখে। অর্থাৎ এ কাজগুলো প্রকৃতির নিয়মেই শিশু ধাপে ধাপে শিখে থাকে।

একটি সেরিব্রাল পল্‌সিগ্রস্ত শিশু বা অসুবিধাগ্রস্ত শিশু অন্যান্য স্বাভাবিক শিশুদের তুলনায় হাঁটাচলা, কথা বলা, বুদ্ধি বিকাশ সব দিক থেকেই পিছিয়ে থাকে। আর তাই তাকে এ সকল কাজগুলো শেখানোর জন্য চাই সকলের আন্তরিক সাহায্য ও সহযোগিতা।

আপনার শিশুর হয়তো গতি নিয়ন্ত্রণের অর্থাৎ স্বাভাবিক বসা, হাঁটাচলা, ধরা ইত্যাদি বিষয়ে অসুবিধা রয়েছে। সে হয়তো খুব বেশি শক্ত, নয়তো বেশি নরম অথবা দুর্বল প্রকৃতির। এ সকল বৈশিষ্ট্যগুলো শিশুর গতি নিয়ন্ত্রণ অর্থাৎ সঠিকভাবে চলাফেরার ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি করে।


শিশুটি হয়তো যতটুকু শিখছে, তা খুবই ধীর গতিতে যা কিনা সাধারণ মানুষের চোখে পড়ে না অর্থাৎ যৎসামান্য। শিশুকে আরো বেশি এবং তাড়াতাড়ি শেখানোর জন্য তাকে আরো বেশি উৎসাহ-উদ্দীপনা দেয়া প্রয়োজন। অর্থাৎ নিয়মিত বসানো,

হাঁটাচলা করানো, দাঁড় করানো, খেলাধুলা করানো, কথা বলা এবং ব্যায়াম দেয়া প্রয়োজন।

এ ধরনের শিশুকে লালন-পালন বেশ কষ্টসাধ্য এবং ধৈর্য্যের ব্যাপার। অনেক সময় বাবা মা বুঝতে পারে না কিভাবে তারা তাদের শিশুর পরিচর্যা করবেন। বাসায় এ ধরনের অসুবিধাগ্রস্ত শিশুদের কিভাবে দৈনন্দিন জীবনের কার্যকলাপের মাধ্যমে শিশুকে সেই সকল বিষয়ে দক্ষতা অর্জনে সহায়তা করবেন সে বিষয়ে প্রোগ্রাম, পরামর্শ ও নির্দেশনা দেয়া হয়েছে এই পুস্তিকাটিতে।

এই পরামর্শগুলোর সঠিক অনুশীলন শিশুর অতিরিক্ত শক্ত হয়ে যাওয়া বা অধিক দুর্বলতা দূর করে তার স্বাভাবিক বিকাশে সহায়তা করবে।

প্রতিটি শিশুর মধ্যে শেখার ইচ্ছা এবং দক্ষতা দুই-ই থাকে। [জোর করে নয়] প্রতিটি কাজের জন্য শিশুর ইচ্ছাকে জাগিয়ে তুলুন, উৎসাহ বাড়িয়ে দিন। শিশু শারীরিক ও মানসিকভাবে কাজটি করার জন্য তৈরি হলে তাকে নিয়ে কাজ শুরু করুন। যথেষ্ট সময়, প্রচেষ্টা ও অবিরাম উৎসাহের দ্বারা শিশুটি অবশেষে তার সাধ্যানুযায়ী বিভিন্ন দক্ষতা অর্জন করতে পারবে বলে আশা রাখি।



# চোখ ও হাতের সমন্বয়ে কাজ–১

নিম্নে ছবির মাধ্যমে চোখ এবং হাতের সমন্বয়ে কিছু হাতের কাজ দেখানো হলো :



*ছবির মতো করে বাটিতে সূক্ষ্ম জিনিস ফেলানো*




*চোখ ও হাতের সমন্বয়ে বাক্সের মধ্যে বিভিন্ন আকৃতির বস্তু ফেলানো*



*উপরের ছবির পাজেলে বিভিন্ন আকৃতির জিনিস ঢোকানো ও খোলা*

# চোখ ও হাতের সমন্বয়ে কাজ–২

নিম্নে ছবির মাধ্যমে চোখ এবং হাতের সমন্বয়ে কিছু হাতের কাজ দেখানো হলো :



*পাজেলে বিভিন্ন আকৃতির জিনিস ঢুকিয়ে/খুলে হাত ও চোখের ব্যবহার করা*



*করতাল (শব্দ করে এমন জিনিস) বাজানোর মাধ্যমে চোখ ও হাতের ব্যবহার করা*


BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

# চোখ ও হাতের সমন্বয়ে কাজ–৩

আরো উপযুক্ত চোখ এবং হাতের সমন্বয়ে সূক্ষ্ম কাজের কিছু নমুনা ছবির মাধ্যমে নিম্নে দেখানো হলো :



*গাছের ডালে বিভিন্ন জিনিস ঝুলিয়ে দিয়ে তাতে ধাক্কা দেওয়া এতে হালকা জিনিসটি বেশি দুলবে এবং ভারী জিনিসটি কম দুলবে। হাতের শক্তি ও বস্তুর ওজনের ধারণা করতে পারবে।*



*দূর থেকে ঝুড়িতে বল/কোনো জিনিস ছুড়ে ফেলার মাধ্যমে শিশু দূরত্ব ও হাতের কাজের সমন্বয় করতে শিখবে।*

# চোখ ও হাতের সমন্বয়ে কাজ–৪

আরো উপযুক্ত চোখ এবং হাতের সমন্বয়ে সূক্ষ্ম কাজের কিছু নমুনা ছবির মাধ্যমে নিম্নে দেখানো হলো :



*ছবির মতো করে রিং দিয়ে খেলা করা*




*ছবির মতো করে বাক্স দিয়ে টাওয়ার তৈরি করা*



*ছবির মতো করে রিং ঢুকিয়ে খেলা করা*

# চোখ ও হাতের সমন্বয়ে কাজ–৫

আরো উপযুক্ত চোখ এবং হাতের সমন্বয়ে সূক্ষ্ম কাজের কিছু নমুনা ছবির মাধ্যমে নিম্নে দেখানো হলো :



*গুলতিকাঠি দিয়ে কোনো জিনিস নিশানা করে মারা*



*তীর মারা*

*সাবধানতা*
*অবশ্যই যেখানে কোন মানুষ থাকবে না সেখানে সুট করতে হবে।*

# References

***Sources :***


F. Nancie, Handling the young cerebral palsied child at Home, Dulton sunrise, second edition, page No. 59, 182, 246, 255, 259, 262, 266.

Levitt, Sophie, we can play and move AHRTAG, London, page No. 6, 14, 18, 19, 20, 23, 32, 33, 40, 43, 44, 52, 53, 54, 55, 56, 57, 58, 59.

T. Joan. Simple Aids for Daily Living-Ahrtag, London, page No. 59, 61.

W. David, Disable village children, The hesperian Foundation, First edition, May. 1986, page No. 305, 306, 317, 318, 468, 472, 476, 501.

Zimcare Trust for the care and education of the Intellectually Handicapped. By Lolian marige card No. 6.

BPF